

তারিখঃ ০৪-১১-২০২২

২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি বিজ্ঞপ্তি

২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া আগামী ০৭/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টার মধ্যে GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। প্রত্যেক আবেদনকারী তার আবেদনকৃত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতকৃত মেধাক্রম ও প্রদত্ত বিভাগ পছন্দক্রম অনুযায়ী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে একটি নির্দিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য নির্বাচিত হবে। মেধাক্রম ও অন্যান্য তথ্য স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত হবে। **উল্লেখ্য যে, এই ভর্তি বিজ্ঞপ্তি বিশেষায়িত সাবজেক্টসমূহের জন্য প্রযোজ্য নয়।** প্রাথমিক ভর্তির ক্ষেত্রে নিম্নের সময়সূচী অবশ্যই মানতে হবে:

- অনলাইনে প্রাথমিক ভর্তি ও ফি প্রদানঃ ০৭/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১১/১১/২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।
- মূল কাগজপত্র জমাঃ ০৭/১১/২০২২ তারিখ দুপুর ১২:০০ টা হতে ১২/১১/২০২২ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র আবেদনকারীর প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে, **অন্যথায় প্রাথমিক ভর্তি বাতিল হয়ে যাবে।** মূল নম্বরপত্র দুটি আবেদনকারীর নাম ও GST রোল নম্বর লিখা একটি A4 সাইজের খামে করে জমা দিতে হবে।

ভর্তি পদ্ধতি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও অনলাইনে প্রাথমিক ভর্তি সম্পন্ন করার প্রয়োজনীয় বিবরণ যথাক্রমে GST Admission System ও Online Admission Guideline -এ প্রদত্ত।

■ GST Technical Committee